জাহিদ সাহেব
তথ্য নিন।
২২/০৬/২৫

**জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০১.২৫- ২০৮

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৯ জুন ২০২৬

বিষয়: লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রকল্পের আওতায় (১) শিখন ত্বরান্বিতকরণের ক্ষেত্রে সফল মাধ্যমিক পর্যায়ের সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান (Best Learning Accelerator Schools) [DLR-6.2(i)] এবং (২) জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান (Climate Champion Institutions) [DLR-6.2(ii)] নির্বাচনের নিমিত্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় অক্টোবর ২০২৩ থেকে সেপ্টেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। লেইস প্রজেক্ট বাস্তবায়নে বিশ্বব্যাংক সর্বমোট ৩০০ মিলিয়ন ডলার ঋণ সহায়তা প্রদান করবে। তন্মধ্যে, নির্ধারিত Disbursement Linked Indicators (DLIs)/ Disbursement Linked Results (DLRs) অর্জন সাপেক্ষে মোট ২৮০ মিলিয়ন মার্কিন ডলার ছাড় করা হবে। লেইস প্রকল্পের জন্য মোট পাঁচ বছর প্রকল্প মেয়াদে ০৮টি DLI এরিয়ার আওতায় মোট ৩৫টি DLR অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রতিটি DLR অর্জনের পরিপ্রেক্ষিতে ঐ DLR এর জন্য নির্ধারিত পরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা হবে।

০২। লেইস প্রকল্পের ২য় বছরের (২০২৫) জন্য মোট ৮টি DLR অর্জনের জন্য নির্ধারিত রয়েছে। বর্ণিত DLR-সমূহ অর্জনের লক্ষ্যে ইতঃপূর্বে প্রতি উপজেলা/থানা থেকে ৪টি করে শিক্ষা প্রতিষ্ঠান (৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ১টি দাখিল স্তর রয়েছে এমন মাদ্রাসা) নির্বাচনপূর্বক কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। বর্ণিতাবস্থায়, লেইস প্রজেক্ট এর ২য় বছরের (২০২৫) জন্য নির্ধারিত DLR-6.2 এর আওতায় (১) শিখন ত্বরান্বিতকরণের ক্ষেত্রে সফল মাধ্যমিক পর্যায়ের সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান (Best Learning Accelerator Schools) এবং (২) জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান (Climate Champion Institutions)-কে সার্টিফিকেট/পুরস্কার প্রদান করা হবে। এলক্ষ্যে, ১০০টি সেরা শিখন ত্বরান্বিতকারী শিক্ষা প্রতিষ্ঠান ও ১০০টি সেরা জলবায়ু চ্যাম্পিয়ন শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের নিমিত্ত নিম্নবর্ণিতভাবে তথ্য সংগ্রহ করা আবশ্যক:

**(ক) ১০০টি সেরা লার্নিং এক্সিলারেটর শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য তথ্য প্রদান:** লেইস প্রকল্পের কর্মসূচিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে ১০০টি সেরা শিখন ত্বরান্বিতকারী (Learning Accelerator) শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় তথ্য প্রদান করতে হবে:

i. লেইস প্রকল্পের কর্মসূচিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (ইতঃপূর্বে নির্বাচিত প্রতি উপজেলা/থানা থেকে ৩টি বিদ্যালয় ও ১টি মাদ্রাসা) ৬ষ্ঠ ও ৮ম শ্রেণির শিক্ষার্থীগণের বাংলা বিষয়ের বিগত দুই শিক্ষাবর্ষের (২০২৪ ও ২০২৫ শিক্ষাবর্ষ) বার্ষিক পরীক্ষার ফলাফল (Result) একটি অনলাইন সফটওয়ারে এন্ট্রি প্রদান করবে। একইসাথে, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফলাফলের একটি স্ক্যানকপি সফটওয়ারের নির্ধারিত স্থানে সংযুক্ত করবে।

ii. স্থানীয় পর্যায়ে গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি সফটওয়ারে এন্ট্রিকৃত ফলাফলের সঠিকতা যাচাইপূর্বক ফরওয়ার্ড করবে।

**(খ) জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে তথ্য প্রদান:** জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান (Climate Champion Institutions) নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় তথ্য প্রদান করতে হবে:

i. লেইস প্রকল্পের কর্মসূচিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (ইতঃপূর্বে নির্বাচিত প্রতি উপজেলা/থানা থেকে ৩টি বিদ্যালয় ও ১টি মাদ্রাসা) একটি অনলাইন সফটওয়ারে জলবায়ু সচেতনতামূলক কর্মসূচির বাস্তবায়ন মূল্যায়নের নিমিত্ত চাহিত তথ্য এন্ট্রি করবে (প্রমাণকসহ):

ii. স্থানীয় পর্যায়ে গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি সফটওয়ারে এন্ট্রিকৃত তথ্যসমূহের সঠিকতা যাচাইপূর্বক ফরওয়ার্ড করবে।

০৩। ১০০টি সেরা লার্নিং এক্সিলারেটর শিক্ষা প্রতিষ্ঠান ও জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা যাচাইয়ের নিমিত্ত স্থানীয় কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

(ক) উপজেলা পর্যায়ে "স্থানীয় কমিটি" হবে নিম্নরূপ:

| ক্রম. | পদবি | প্রতিনিধিত্বকারী পদ |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা একাডেমিক সুপারভাইজার (সংশ্লিষ্ট) | সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট) | সদস্য সচিব |

(খ) মেট্রোপলিটান থানা পর্যায়ে "স্থানীয় কমিটি" হবে নিম্নরূপ:

| ক্রম. | পদবি | প্রতিনিধিত্বকারী পদ |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | সভাপতি |
| ২. | জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট) | সদস্য |
| ৩. | থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট) | সদস্য সচিব |

০৪। অনলাইন সফটওয়ারের মাধ্যমে তথ্য প্রেরণের সময়সীমা নিম্নরূপ:

| | |
|---|---|
| শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অনলাইন সফটওয়ারে তথ্য এন্ট্রি | ১১ জুন ২০২৬ খ্রি. এর মধ্যে |
| স্থানীয় কমিটি কর্তৃক অনলাইনে এন্ট্রিকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক ফরোয়ার্ডিং | ১৪ জুন ২০২৬ খ্রি. এর মধ্যে |

০৫। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের তথ্য সংগ্রহের জন্য প্রস্তুতকৃত অনলাইন সফটওয়ারের লিংক: https://data.laiseproject.com. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ অনলাইন সফটওয়ারে প্রবেশের ID ও Password এবং যে কোনও কারিগরি সমস্যা দেখা দিলে যোগাযোগের ইমেইল ঠিকানা: support@laiseproject.com.

০৬। এমতাবস্থায়, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট এর আওতায় (১) শিখন ত্বরান্বিতকরণের ক্ষেত্রে সফল মাধ্যমিক পর্যায়ের সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান (Best Learning Accelerator Schools) এবং (২) জলবায়ু সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়নে সেরা ১০০টি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা (Climate Champion Institutions) নির্বাচনের লক্ষ্যে আগামী ১৪ জুন ২০২৬ তারিখের মধ্যে অনলাইনে তথ্য প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬/০৬/২৬

(জাবের মোঃ সোয়াইব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৪৫৫২
sas_dev1@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (সংশ্লিষ্ট সকল জেলা)।
২. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৩. জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল জেলা)।
৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৫. উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার (সংশ্লিষ্ট সকল উপজেলা)।

স্মারক নম্বর : ৩৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০১.২৫-১০৬/১(৭) তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৯ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
২. জেলা প্রশাসক (সকল), (সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসারকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ);
৩. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. প্রকল্প পরিচালক, লেইস প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট (আইসিটি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. অফিস কপি/সংশ্লিষ্ট কপি।

০৯/০৬/২৬

(জাবের মোঃ সোয়াইব)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
মাগুরা
ফোনঃ ০২৪৭৭৭১০৮৮৪
ওয়েবসাইটঃ http://dshe.magura.gov.bd

স্মারক সংখ্যা:৩৭.০২.৫৫০০.০০১.০২১.৩৩৩.২৬- ৪০০ তারিখ: ১১/০৬/২০২৬খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:-
০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাগুরা সদর, মহম্মদপুর, শ্রীপুর, শালিখা, মাগুরা (পৃষ্ঠাংকৃত পত্রের মর্মানুযায়ী তাঁর আওতাধীন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে বিষয়টি অবহিতকরণসহ নির্দেশনা বাস্তবায়ণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
০৩। সংরক্ষণ নথি

১১/০৬/২৬

(প্রদ্যুত কুমার দাস)
জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
মাগুরা।
ইমেইলঃ maguradeo2008@yahoo.com